

২০২০

বাংলা — সাম্মানিক

ত্রুটীয় সেমেষ্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসন্তুষ্ট নিজের ভাষায় লেখা বাহ্যনীয়।

- ১। (ক) ‘যোগাযোগ’ উপন্যাসে মোতির মা ভেবেছে “একরকমের জাতিভেদ আছে যা সমাজের নয়, যা রক্তের — সে জাত কিছুতে ভাঙা যায় না।” — এই ভাবনার আলোকে মধুসূদন-কুমুদিনীর দান্পত্য সম্পর্কটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) ‘তিনপুরুষ’ নাম পরিবর্তন করে লেখক যখন ‘যোগাযোগ’ নামকরণ করলেন তখন বদলে গেল লেখকের মূল অভিপ্রায়। — নামকরণের এই পরিবর্তনের শিল্পতাৎপর্য ব্যাখ্যা করো। ১০

অথবা,

- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনির গুরুত্ব বিচার করো। ১০

অথবা,

- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসে জীবানন্দ চরিত্রি নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

- ২। (ক) ‘নিক্ষিয় আত্মসমর্পণের বিরুদ্ধতা হোসেন মিয়ার সমগ্র জীবনের সারার্থ।’ — এই বক্তব্যের আলোয় হোসেন মিয়া ও ময়না দ্বাপের তাৎপর্য বিচার করো। ১০

অথবা,

- (খ) ধীরের পল্লির বাস্তব জীবনচিত্রের প্রতিফলন ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসে যেভাবে ঘটেছে তার পরিচয় দাও। ১০

অথবা,

- (গ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি প্রাণিক মানুষের জাগরণের আখ্যান হয়ে উঠেছে — মন্তব্যটির সমীচীনতা বিচার করো। ১০

অথবা,

- (ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ধানী মুন্ডা চরিত্রি নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

৩। (ক) “রবীন্দ্রনাথের কঙ্গনায় এক ‘নিত্যকালের বালকবীর’ আছে যে চির্যাত্রিক, যে প্রকৃতির প্রাণসন্তার অতীক।” — এই বক্তব্যের আলোয় ‘অতিথি’ গল্পটি বিচার করো। ১০

অথবা,

(খ) “অর্থলোলুপতার যুপকাট্টে মানবতার বলি হয়ে যাবার গল্প পয়েন্টমুখম।” — বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৪। (ক) “বনস্পতির নিজের পক্ষে প্রজাপতি যেমন বাহ্য, অথচ প্রজাপতির সংসর্গ তাকে মেনে নিতে হয়, ভাবী স্ত্রীকেও মধুসূদন তেমনি করেই ভেবেছিল।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) “কুমু, মনের মধ্যে জোয়ার-ভাঁটা খেলে। কিছু ভয় করিস নে, রাস্তির মাঝে মাঝে আসে, দিন তা বলে তো মরে না।” — বক্তব্যটির অন্তর্নিহিত তৎপর্য বুঝিয়ে দাও। ৫

অথবা,

(গ) “সে যন্ত্রচালিত পুতুলের মত নীরবে শাস্তিকুঞ্জের গেটের মধ্যে প্রবেশ করিল, থামিবার, আপনি করিবার কোথাও এতটুকু চেষ্টা পর্যন্ত করিল না।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

(ঘ) “নারীর একজাতীয় রূপ আছে যাহাকে যৌবনের অপর প্রাপ্তে না পৌঁছিয়া পুরুষ কোনদিন দেখিতে পায় না।” — বক্তব্যটির অন্তর্নিহিত তৎপর্য বুঝিয়ে দাও। ৫

৫। (ক) “ইহা মহত্ত্ব নয়, পরোপকার নয় — ইহা রীতি, অপরিহার্য নিয়ম। আশ্চর্য এই, এ নিয়ম পালন করিয়া ত্রুদ্ধ হইয়া উঠাও অনিয়ম নয়।” — প্রসঙ্গটির তৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

(খ) “নদীর তীরে, নদীর জলে এখন জীবনের সাড়া পড়িয়া গিয়াছে।” — ব্যাখ্যা করো। ৫

অথবা,

(গ) “মুন্ডা শরীরের এক ফেঁটা রক্ত মানে সমগ্র কৃষ্ণভারত।” — তৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

(ঘ) “কিছুই ফুরোয় না পৃথিবীতে — মুন্ডারী দেশ-মাটি-পাথর-গাহাড়-বন-নদী-ঝাতুর পর ঝাতুর আগমন — সংগ্রামও ফুরোয় না, শেষ হতে পারে না।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৬। (ক) “তুমি আমাকে যাইতে দিয়ো না মা, আমার মতো দুটি বাহু বাড়াইয়া তুমিও আমাকে ধরিয়া রাখো।” — বক্তব্যের সূত্র ধরে বক্তার সঙ্গে প্রকৃতির সম্পর্কটি বুঝিয়ে দাও। ৫

অথবা,

(খ) “বড় হয়ে আমি তোমায় নিয়ে যাব দিদি! কারুর কথা শুনব না।” — ‘মহানগর’ গল্প অবলম্বনে প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসের শ্যামাসুন্দরী চরিত্রিক ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘দেনাপাওনা’ উপন্যাসের শিরোমণি চরিত্রিক প্রয়োগ তাৎপর্য বুঝিয়ে দাও।
- (গ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসে পদ্মানন্দীর ভূমিকা সংক্ষেপে ব্যাখ্যা করো।
- (ঘ) “জড়াই যেথা, ও সেথা। ওর বয়স আটশো অষ্টাশি চাঁদ হল” — উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের পরিচয় দাও।
- (ঙ) “প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।” — উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের আলোকে উক্তিটির তাৎপর্য লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাস কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

অর্থবা;

‘দেনাপাওনা’ উপন্যাসের নাট্যরূপটির নাম কী?

- (খ) “বিবাহ করতেও সময় নষ্ট, বিবাহ করেও তাই। আমার ফুরসত কোথায়?” — কার উক্তি?

অর্থবা;

যোড়শী বৈরবীর আগে যিনি বৈরবী ছিলেন তাঁর নাম কী?

- (গ) মোতির মা-র আসল নাম কী?

অর্থবা;

জীবানন্দ-র সঙ্গে বিবাহের সময় যোড়শীর বয়স কত ছিল?

- (ঘ) “সর্বনাশকে আমরা কোনোকালে ভয় করি নে, ভয় করি অসম্মানকে।” — কার উক্তি?

অর্থবা;

“এ সব চালাকি আমাদের কাছে খাটবে না বলে দিচ্ছি” — কোন চালাকির কথা এখানে বলা হয়েছে?

- (ঙ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

অর্থবা;

‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

- (চ) “বহুদূর নদীবক্ষ হইতে হাঁক আসিতেছিল।” — কার হাঁক আসছিল?

অর্থবা;

“কিন্তু বীরসার নামে ভয় পাচ্ছিল দিকুরা।” — ‘দিকু’ বলতে কী বোঝানো হয়েছে?

- (ছ) ‘ছেলেমেয়েগুলিকে ভালোবাসিবার মতো মনও তাহার আছে, সময়ও সে পায়।’ — কার কথা বলা হয়েছে?

অর্থবা;

বীরসা কবে মৃত্যি পায়?

Please Turn Over

(জ) ‘পদ্মানন্দীর মাঝি’ উপন্যাসে কুবেরের নৌকার সহকারীদের নাম লেখো।

অথবা,

‘অরণ্যের অধিকার’ উপন্যাসে বর্ণিত ‘টুইলা’ কী?

- (ঝ) ‘একরাত্রি’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- (ঞ) সোহিনীর আইমার কত টাকা দেনা ছিল?
- (ট) “আহা দুটিতে বেশ মানায়” — কাদের কথা বলা হয়েছে?
- (ঠ) “প্রিয়ার মতো যে নদী শুয়ে আছে মহানগরের কোলে।” — কোন নদীর কথা এখানে বলা হয়েছে?
- (ড) “ভূতনাথ বই দু-খানকে চিনিত।” — বইদুটির নাম কী?
- (ঢ) অঙ্গনগড়ের জমি কোন পাথরে গঠিত?
- (ণ) “এ খবর তার জানা ছিল না।” — খবরটি কী?
-